আজকের পত্রিকা

আর্কাইভ | অনুসন্ধান করুন

শেষের পাতা

# মানসম্মত শিক্ষায় বিশ্বে রোল মডেল হবে বাংলাদেশ : শিক্ষামন্ত্রী

**প্রকাশ:** ১০ ঘণ্টা আগে | Like 0 Share 0

**সাব্বির নেওয়াজ, প্যারিস থেকে**




(https://samakal.com/revive/www/delivery/ck.php?oaparams=2__bannerid=153__zoneid=81__cb=3baf84f788__oadest=https%3A%2F%2Fbit.ly%2F2NZGbb0)




(https://samakal.com/print/19118297/print)

(JavaScript:void(0))

সিন নদীর তীরবর্তী শহর প্যারিসে শুরু হয়েছে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা- ইউনেস্কোর ৪০তম সাধারণ সম্মেলন। এ সম্মেলনে অংশ নিয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, বাংলাদেশ মানসম্মত শিক্ষায় সারা বিশ্বের রোল মডেল হতে চায়। এ লক্ষ্যে শিক্ষা ব্যবস্থায় আরও সংস্কার আনতে কার্যক্রম চালিয়ে যাচ্ছে সরকার।

ইউনেস্কো সম্মেলনের দ্বিতীয় দিনে গতকাল বুধবার কান্ট্রি স্পিচে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার সার্বিক অগ্রগতির চিত্র তুলে ধরেন শিক্ষামন্ত্রী। এ সময় বিনামূল্যে ৩৫ কোটি পাঠ্যবই বিতরণ, প্রাথমিক শিক্ষায় প্রায় শতভাগ এনরোলমেন্ট অর্জন, স্কুল-কলেজ পর্যায়ে নারী ও পুরুষের সমতা আনয়নের মতো বিষয়গুলো বিশ্বসভায় ব্যাপকভাবে প্রশংসিত হয়। সম্মেলনে ডা. দীপু মনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল বাংলাদেশকে সোনার বাংলা হিসেবে গড়ে তোলা। যে বাংলাদেশ হবে বৈষম্য, ক্ষুধা ও বঞ্চনামুক্ত। বঙ্গবন্ধুর অসমাপ্ত স্বপ্ন বাস্তবায়নে এখন কাজ করে যাচ্ছেন তারই সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাংলাদেশকে উন্নত দেশ হিসেবে গড়ার লক্ষ্যে ভিশন ২০২১ ও ভিশন ২০৪১ নামে দুটি উন্নয়ন রোডম্যাপ গ্রহণ করেছেন তিনি, যা ইতোমধ্যে সমন্বিত ও অংশগ্রহণমূলক উন্নয়ন মডেল হিসেবে বিশ্বের সব জাতির কাছে স্বীকৃতি পেয়েছে।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমানে বাংলাদেশ উন্নয়নের রোল মডেল হিসেবে যেমন বৈশ্বিকভাবে স্বীকৃত, তেমনি বাংলাদেশের লক্ষ্য গুণগত শিক্ষায়ও বিশ্বের রোল মডেল হওয়া। তিনি বলেন, এ লক্ষ্যে বাংলাদেশ শিক্ষা ব্যবস্থায় ব্যাপক সংস্কার কাজ চালিয়ে যাচ্ছে। চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ আইসিটি শিক্ষায় গুরুত্ব দিচ্ছে। প্রান্তিক জনপদেও আইসিটি শিক্ষা চালু করা হয়েছে। প্রাইমারি ও সেকেন্ডারি লেভেলে ডিজিটাল ক্লাসরুম স্থাপনসহ ডিজিটাল সেন্টার চালু করা হয়েছে। ই-লার্নিংয়ে জোর দেওয়া হয়েছে। মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে শিক্ষক প্রশিক্ষণের পাশাপাশি কারিকুলাম ডেভেলপমেন্টের কাজ চলছে। তিনি আরও জানান, বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিশুদের প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষা তাদের নিজস্ব মাতৃভাষায় দেওয়া নিশ্চিত করা হয়েছে। সর্বোপরি ২০৩০ সালে এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে সমন্বিত ও মানসম্মত শিক্ষায় জোর দিয়েছে সরকার।

ডা. দীপু মনি ইউনেস্কোর ৪০তম সাধারণ সম্মেলনে সভাপতি নির্বাচিত হওয়ায় তুরস্কের রাষ্ট্রদূত আহমেদ আলতাই সিনগিজারকে অভিনন্দন জানান। একইসঙ্গে ৩৯তম সম্মেলনের সভাপতি মরক্কোর জহুর আলাউইকে গত দু'বছর সফলতার সঙ্গে কাজ করার জন্য ধন্যবাদ জানান তিনি। ইউনেস্কোর মহাপরিচালক আদ্রে আজুলেকে বিশেষভাবে ধন্যবাদ জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, ইউনেস্কোর যে কোনো উদ্যোগে বাংলাদেশ তার পাশে রয়েছে।

গতকাল ফ্রান্সের প্যারিসে ইউনেস্কোর সদরদপ্তরে বাংলাদেশের পক্ষে আরও তিনটি পৃথক কনফারেন্স ও দ্বিপক্ষীয় সভায় অংশ নেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। এ সম্মেলনে তার নেতৃত্বে বাংলাদেশের ১০ সদস্যের প্রতিনিধি দল অংশ নিয়েছে। তাদের মধ্যে রয়েছেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সচিব সোহরাব হোসাইন, ফ্রান্সে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত কাজী ইমতিয়াজ হোসেন ও বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল মো. মনজুর হোসেন প্রমুখ। গত মঙ্গলবার জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস ইউনেস্কোর ৪০তম সাধারণ সম্মেলনের উদ্বোধন করেন। ১৯৩টি দেশের প্রতিনিধিরা এ সম্মেলনে অংশ নিয়েছেন।

(https://samakal.com/print/19118297/print) মন্তব্য করুন

(https://12tracku.com/path/lp.php?
trvid=14472&trvx=be8ecbf5&exid=CjBmYmRlYjE3NC1kOWE2LTQ4OTQtOWMyZS1jOTE2ZDg5OGZjOGYtdHVjdDE5NjU1ZDYSDXlub3QtbXVhbWEtc2M&site=samakal
central-1.amazonaws.com%2Fad-uploads-long%2F1%2F7a034705-f0da-48a8-b033-
73ae2bc93cad.jpg&wid=1181378&platform=Desktop&name=EVENT_NAME&utm_source=taboola&utm_medium=referral)

**Say Goodbye to Language Barriers Thanks to This Amazing Device.**

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01:Below Arti**

(https://12tracku.com/path/lp.php?
trvid=14472&trvx=be8ecbf5&exid=CjBmYmRlYjE3NC1kOWE2LTQ4OTQtOWMyZS1jOTE2ZDg5OGZjOGYtdHVjdDE5NjU1ZDYSDXlub3QtbXVhbWEtc2M&site=samakal
central-1.amazonaws.com%2Fad-uploads-long%2F1%2F7a034705-f0da-48a8-b033-
73ae2bc93cad.jpg&wid=1181378&platform=Desktop&name=EVENT_NAME&utm_source=taboola&utm_medium=referral)

(https://samakal.com/whole-country/article/1908844)

## 'ওসি একাই ৩ বার ধর্ষণ করে'

(https://samakal.com/whole-country/article/1908844)

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

## আমার ওপর সেতুমন্ত্রীর অনেক ক্ষোভ: প্রধানমন্ত্রী

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

(https://samakal.com/entertainment/article/19113211/সঙ্গে-ফাহমির-অন্তরঙ্গ-ছবি-ফাঁস)

## মিথিলা-ফাহমির ছবি ভাইরাল

(https://samakal.com/entertainment/article/19113211/সঙ্গে-ফাহমির-অন্তরঙ্গ-ছবি-ফাঁস)

(https://www.samakal.com/whole-country/article/19011860/%E0%A6%B0%E0%A7%87%E0%A6%95%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%A1-%E0%A6%A5%E0%A7%87%E0%A6%95%E0%A7%87%E0%A6%87-%E0%A6%9C%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%BE-%E0%A6%97%E0%A7%87%E0%A6%B2-%E0%A6%86%E0%A6%B8%E0%A6%B2-%E0%A6%98%E0%A6%9F%E0%A6%A8%E0%A6%BE)

## মোবাইল রেকর্ড থেকেই জানা গেল আসল ঘটনা

(https://www.samakal.com/whole-country/article/19011860/%E0%A6%B0%E0%A7%87%E0%A6%95%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%A1-%E0%A6%A5%E0%A7%87%E0%A6%95%E0%A7%87%E0%A6%87-%E0%A6%9C%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%BE-%E0%A6%97%E0%A7%87%E0%A6%B2-%E0%A6%86%E0%A6%B8%E0%A6%B2-%E0%A6%98%E0%A6%9F%E0%A6%A8%E0%A6%BE)

(https://samakal.com/international/article/1901425/মাছের-দাম-২৫-কোটি-টাকা)

## এক মাছের দাম ২৫ কোটি টাকা!

(https://samakal.com/international/article/1901425/মাছের-দাম-২৫-কোটি-টাকা)

(https://samakal.com/bangladesh/article/19113536/জোড়া-খুন-দোষ-স্বীকার-করে-সুরভীর-জবানবন্দি)

## ধানমন্ডিতে জোড়া খুন: দোষ স্বীকার করে সুরভীর জবানবন্দি

(https://samakal.com/bangladesh/article/19113536/জোড়া-খুন-দোষ-স্বীকার-করে-সুরভীর-জবানবন্দি)

(https://samakal.com/entertainment/article/1604205472)

## 'দাবাং ৩' নায়িকার নগ্ন ছবি ফাঁস!

(https://samakal.com/entertainment/article/1604205472)

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

## জ্ঞান হারানোর আগে রিকশাচালককে যে কথা বলেছিলেন রিফাত

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

(https://samakal.com/whole-country/article/1902705)

## ‘আমার ফাঁসি চাই’

(https://samakal.com/whole-country/article/1902705)

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

## পদ্মা সেতুতে খুঁটির ওপর বসানো যাচ্ছে না স্প্যান

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

(https://samakal.com/international/article/19113573/ভিজিটিং-কার্ডের-ছবি-ভাইরাল)

## গৃহকর্মীর ভিজিটিং কার্ডের ছবি ভাইরাল

(https://samakal.com/international/article/19113573/ভিজিটিং-কার্ডের-ছবি-ভাইরাল)

(https://samakal.com/entertainment/article/1904942)

## ছেলের বিয়েতে নাচলেন নায়ক রুবেল

Samakal

(https://samakal.com/entertainment/article/1904942)

(https://samakal.com/bangladesh/article/1904719/প্রাথমিক-শিক্ষক-নিয়োগে-পাঁচ-পরিবর্তন)

## প্রাথমিক শিক্ষক নিয়োগে পাঁচ পরিবর্তন

Samakal

(https://samakal.com/bangladesh/article/1904719/প্রাথমিক-শিক্ষক-নিয়োগে-পাঁচ-পরিবর্তন)

অন্যান্য



প্রকাশ্যে থাকলেও ৯ বছর ধরে 'পলাতক' এমপি মানিকের ভাই (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/19118300/প্রকাশ্যে-থাকলেও-৯-বছর-ধরে-পলাতক-এমপি-মানিকের-ভাই)



লোকগান মাটি ও মানুষের কথা বলে (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/19118299/লোকগান-মাটি-ও-মানুষের-কথা-বলে)



ফেঁসে যাচ্ছেন আজিমপুর মাতৃসদনের ডা. ইশরাত (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/19118298/ফেঁসে-যাচ্ছেন-আজিমপুর-মাতৃসদনের-ডা-ইশরাত)

সুরের মূর্ছনায় জাগবে রাত (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/19118296/সুরের-মূর্ছনায়-জাগবে-রাত)



সংসদে ক্ষমা চাইলেন রাঙ্গাঁ (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/19118295/সংসদে-ক্ষমা-চাইলেন-রাঙ্গাঁ)

আরও (https://samakal.com/list/tp-last-page)

(https://www.facebook.com/TheDailySamakal/) (https://twitter.com/samakaltw)
(https://www.youtube.com/channel/UCvuyokFrRk7Eix03D7izTPQ)
(https://www.instagram.com/daily_samakal)

© সমকাল ২০০৫ - ২০১৯

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ. কে. আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ (প্রিন্ট), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) |

ইমেইল: samakalad@gmail.com (প্রিন্ট), ad.samakalonline@outlook.com (অনলাইন)

PRIVACY POLICY (https://samakal.com/privacy) | TERMS OF USE (https://samakal.com/terms) | SAMAKAL ALL RIGHTS RESERVED